কালের কণ্ঠ

তারিখ 14 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

### শিক্ষামন্ত্রীর হুঁশিয়ারি

# শিক্ষকরা কোচিং বাণিজ্য করতে পারবেন না

**খুলনা অফিস ▷**

শিক্ষকরা কোচিং বাণিজ্য করতে পারবেন না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, কোচিং বাণিজ্য ও নোট গাইড পড়ানো শাস্তিযোগ্য অপরাধ। এগুলো বন্ধে আইন তৈরি করা হচ্ছে। এর সঙ্গে জড়িত কেউ ছাড় পাবে না। যেসব শিক্ষক শ্রেণিকক্ষে পড়ান না; কিন্তু বাসায় পড়ান তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

গতকাল বুধবার দুপুরে খুলনার সরকারি মহিলা কলেজ মিলনায়তনে খুলনা বিভাগের প্রধান শিক্ষক ও অধ্যক্ষদের সঙ্গে মতবিনিময়কালে সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠানপ্রধান ও শিক্ষা বিভাগের মাঠপর্যায়ের কর্মকর্তারা শিক্ষার গুণগত মান ও নৈতিকতার উন্নয়ন এবং জঙ্গিবাদবিরোধী এ সভার আয়োজন করেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, সরকার এরই মধ্যে দেশে জঙ্গিবাদবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তুলতে সক্ষম হয়েছে। কিছু কিছু শিক্ষার্থী কানমন্ত্রে আকৃষ্ট হয়ে জঙ্গিবাদে জড়িত হয়েছে। আর যাতে দেশে জঙ্গিবাদ না আসতে পারে এ জন্য শিক্ষক-অভিভাবকসহ সবাইকে সতর্ক থাকতে হবে। এর বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। শিক্ষকরা যদি নৈতিকতা ও আদর্শ-শিক্ষা থেকে বিচ্যুত হয় তাহলে দেশের সর্বনাশ। কেবল অর্থই নয়, মান-মর্যাদাই হচ্ছে শিক্ষকদের বড় সম্পদ। শিক্ষার্থীদের জ্ঞানের পাশাপাশি ভালো মানুষ হিসেবে তৈরি করতে হবে। নৈতিক শিক্ষা দিতে হবে। শ্রেণিকক্ষে তাদের আরো বেশি পাঠদান করতে হবে।

খুলনা অঞ্চলের মাধ্যমিক ও উচ্চ শিক্ষার পরিচালক টি এম জাকির হোসেনের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, খুলনা বিভাগীয় কমিশনার মো. আবদুস সামাদ। অনুষ্ঠান পরিচালনা করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. মো. ওয়াহিদুজ্জামান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................
চীফ, ...
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর